"শেখ হাসিনার উদ্যোগ, ঘরে ঘরে বিদ্যুৎ"
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
কেন্দ্রীয় সচিবালয়
ওয়াপদা ভবন(২য় তলা), মতিঝিল, ঢাকা
www.bpdb.gov.bd

বিষয়: **যথাযোগ্য মর্যাদায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী সুষ্ঠুভাবে উদযাপনের লক্ষ্যে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের উৎকর্ষতা এবং উদ্ভাবনী কর্মকান্ড সংক্রান্ত উপকমিটির ২৫ ফেব্রুয়ারি ২০২০ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী**

সভাপতি	:	মো: জহুরুল হক সদস্য, প্রশাসন (অতিরিক্ত সচিব), বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
সভার তারিখ	:	২৫ ফেব্রুয়ারি ২০২০
সভার সময়	:	সকাল ১০ : ০০ ঘটিকা
সভার স্থান	:	বোর্ড সভাকক্ষ, ওয়াপদা ভবন, মতিঝিল, ঢাকা
সভায় উপস্থিতি	:	পরিশিষ্ট-"ক"

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে সভাকে অবহিত করা হয় যে, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষ্যে মুজিববর্ষ (১৭ মার্চ ২০২০ হতে ১৭ মার্চ ২০২১)কে সেবাবর্ষ ঘোষণা এবং গ্রাহক সেবা আকর্ষণীয় করার লক্ষ্যে বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কর্তৃক ২৩ জানুয়ারি ২০২০ ও ১৯ ফেব্রুয়ারি ২০২০ তারিখে গৃহীত কর্মপরিকল্পনা বাস্তবায়নের বিষয়টি গুরুত্ব সহকারে বিবেচনার জন্য উৎকর্ষতা এবং উদ্ভাবনী কর্মকান্ড সংক্রান্ত উপকমিটির অদ্যকার এ সভা আহ্বান করা হয়েছে। অতপর সভার সভাপতি জনাব মো: জহুরুল হক, সদস্য, প্রশাসন (অতিরিক্ত সচিব) উক্ত কমিটির যুগ্ম-আহবায়ক ও সদস্য (অর্থ) জনাব সেলিম আবেদ এবং সদস্য (বিতরণ) জনাব কাওসার আমীর আলীকে কর্মপরিকল্পনা অনুযায়ী আলোচনা করার আহ্বান জানান।

২। সভার সভাপতি বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের উৎকর্ষতা এবং উদ্ভাবনী কর্মকান্ড সংক্রান্ত উপকমিটির গৃহীত কর্মপরিকল্পনা সভায় উপস্থাপন করেন। তিনি সভাকে অবহিত করেন যে, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের আওতাধীন বিভিন্ন দপ্তর, বিদ্যুৎ কেন্দ্র ও বিতরণ জোন মুজিববর্ষকে সেবাবর্ষ হিসেবে বিবেচনায় নিয়ে গ্রাহক সেবা কিভাবে আকর্ষণীয় করা যায় ইতিমধ্যে সেভাবে প্রস্তুতি গ্রহণ করেছে। যথাযোগ্য মর্যাদায় মুজিববর্ষ পালন উপলক্ষ্যে বাস্তবায়নকৃত সকল কর্মকান্ড ও গৃহীত কর্মপরিকল্পনা জাতীয় দিবসসমূহ ও রাষ্ট্রীয় সকল কর্মসূচীর সহিত সমন্বয়পূর্বক বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের আওতাধীন বিভিন্ন দপ্তর, বিদ্যুৎ কেন্দ্র ও বিতরণ অঞ্চলে ১৭ মার্চ ২০২০ হতে ১৭ মার্চ ২০২১ বছরব্যাপী ডিজিটাল ব্যানার, বিলবোর্ড, ম্যাগাজিন, প্রকাশনা ইত্যাদির মাধ্যমে প্রচার ও প্রকাশের উপর জোর দেয়া হয়। উপকমিটির সদস্যগণ কর্মপরিকল্পনা ও কাজের ধরণ অনুযায়ী বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের কর্মকর্তা/কর্মগণকে সাথে নিয়ে কার্যক্রম জোরদার করবেন মর্মে সভায় জানানো হয়। আলোচনান্তে সভায় নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্রমিক নম্বর	**সিদ্ধান্ত**	**বাস্তবায়নকারী**	**বাস্তবায়নের সময়কাল**
ক)	২০২০ সালের ১৭ মার্চ হতে ২০২১ সালের ১৭ মার্চ পর্যন্ত সময়কে মুজিববর্ষ হিসেবে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সেবাবর্ষ ঘোষণা করতে হবে	সচিব, বিউবো	০৫ মার্চের পূর্বে
খ)	মুজিব শতবর্ষে (১৭ মার্চ ২০২০-১৭ মার্চ ২০২১) বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণ সেবা প্রদানের লক্ষ্যে নির্ধারিত সময়ের অতিরিক্ত ১ ঘন্টা বেশী কাজ করার বিষয়ে অফিস আদেশ জারি করা হয়েছে এবং কর্মঘন্টার বিষয়টি নিশ্চিত করার লক্ষ্যে দ্রুততম সময়ের মধ্যে ডিজিটাল ব্যানার ও বিলবোর্ডে প্রচার করতে হবে	সকল দপ্তর প্রধান, বিউবো	০৫ মার্চের পূর্বে
গ)	বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের ওয়েবসাইটে মুজিব শতবর্ষ নামে Web Page/Digital Block তৈরি করা। সেখানে মুজিববর্ষ উদযাপন উপলক্ষ্যে গৃহীত সকল কর্মপরিকল্পনা ও বাস্তবায়নকৃত কর্মসূচীর অফিস আদেশ, পত্র, প্রজ্ঞাপন, সার্কুলার ও বিজ্ঞপ্তি প্রচার ও প্রকাশের উপর জোর দিতে হবে;	পরিচালক, জনসংযোগ ও সিনিয়র সিস্টেম এনালিস্ট	০৫ মার্চের পূর্বে
ঘ)	বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের আওতাধীন বিদ্যুৎ কেন্দ্র/দপ্তরসমূহে গ্রাহক সেবা কেন্দ্র অথবা মেইন গেটে নিরাপত্তা কক্ষকে অবকাঠামোগত সংস্কার করতঃ মুজিব কর্ণার হিসেবে রুপান্তর করতে হবে। সেখানে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সম্পর্কিত বই, পান্ডুলিপি, দূর্লভ ছবি, উক্তি সংগ্রহ করতঃ BooK Self এ রাখা এবং সৌন্দর্যবর্ধনকৃত ডিজিটাল ব্যানার, বিলবোর্ড, ম্যাগাজিন, প্রকাশনা ইত্যাদির মাধ্যমে প্রচারের ব্যবস্থা করা;	সকল দপ্তর প্রধান, বিউবো	১৫ মার্চের পূর্বে
ঙ)	বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের আওতাধীন বিদ্যুৎ কেন্দ্র/দপ্তরসমূহের প্রধান অফিস ভবনে বছরব্যাপী সৌন্দর্যবর্ধনকৃত ডিজিটাল ব্যানার, বিলবোর্ড ইত্যাদির মাধ্যমে প্রচার করতে হবে;	সকল দপ্তর প্রধান, বিউবো	১৫ মার্চের পূর্বে

ক্রমিক নম্বর	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী	বাস্তবায়নের সময়কাল
চ)	বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের আওতাধীন বিদ্যুৎ কেন্দ্র/দপ্তরসমূহের সকল অফিস আদেশ, পত্র, প্রজ্ঞাপন, সার্কুলার ও বিজ্ঞপ্তিতে মুজিববর্ষের লোগো'র যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে;	সকল দপ্তর প্রধান, বিউবো	০৫ মার্চের পূর্বে
ছ)	মুজিববর্ষকে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কর্তৃক সেবাবর্ষ ঘোষণার প্রেক্ষিতে দ্রুততম সময়ের মধ্যে মানসম্পন্ন গ্রাহক সেবা নিশ্চিত করার লক্ষ্যে জাতীয়ভাবে Digital Call Center ব্যবস্থা প্রর্বতন করতে হবে;	সকল দপ্তর প্রধান, বিউবো	৩০ জুনের পূর্বে
জ)	গ্রাহক সেবার উৎকর্ষ সাধনে বঙ্গবন্ধুর দর্শনের ভিত্তিতে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড ও এর আওতাধীন বিভিন্ন দপ্তর, বিদ্যুৎ কেন্দ্র ও বিতরণ জোনসমূহের মধ্যে 'ইনোভেশন প্রতিযোগিতা' আয়োজন করার জন্য কমিটি গঠন করতে হবে;	প্রধান প্রকৌশলী, উৎপাদন ও পূর্তকর্ম এবং পরিচালক, কর্ম ও জনসংযোগ	০৫ মার্চের পূর্বে
ঝ)	বৈদ্যুতিক খাতে দেশে ও বিদেশে দক্ষ জনশক্তির চাহিদা পূরণকল্পে বৈদ্যুতিক কর্ম পেশায় দক্ষ জনশক্তি গড়ে তোলার লক্ষ্যে মুজিববর্ষে প্রশিক্ষণ কর্মসূচির আওতায় ১০০০ জনের মধ্যে অবশিষ্ট সংখ্যককে প্রশিক্ষণ প্রদানে পদক্ষেপ গ্রহণ; এবং মুজিববর্ষ পালন উপলক্ষে প্রশিক্ষণপ্রাপ্ত ইলেকট্রিশিয়ানদের মধ্যে সনদ বিতরণ অনুষ্ঠান আয়োজনে সহযোগীতা করা;	মহাব্যবস্থাপক, প্রশিক্ষণ ও সকল বিতরণ অঞ্চলের প্রধান প্রকৌশলীগণ	১৭ মার্চ ২০২১ এর মধ্যে
ঞ)	মুজিববর্ষে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এবং এর আওতাধীন বিভিন্ন দপ্তর, বিদ্যুৎ কেন্দ্র ও বিতরণ জোনসমূহের মধ্যে পরিস্কার-পরিচ্ছন্নতা বিষয়ে প্রতিযোগিতার আয়োজনে কর্মসূচী ঘোষনা করতে হবে;	প্রধান প্রকৌশলী, উৎপাদন ও পূর্তকর্ম এবং পরিচালক, সম্পত্তি ও যানবাহন	০৫ মার্চের পূর্বে
ট)	বঙ্গবন্ধু ও বিদ্যুৎ খাতের বিবর্তনের উপর মানসম্পন্ন প্রকাশনা প্রকাশের জন্য কর্মসূচীটি অন্যকোন উপকমিটিকে দায়িত্ব প্রদানের জন্য কেন্দ্রীয় সাংগঠনিক কমিটির নিকট পরবর্তী সভায় প্রস্তাব উপস্থাপন করতে হবে;	সচিব, বিউবো	০৩ মার্চ সভায়
ঠ)	বঙ্গবন্ধুর দর্শন, জাতীয় উন্নয়নে বিদ্যুৎ খাতের অবদান, বিদ্যুৎ খাতের অর্জন বিষয়ে জাতীয় বিদ্যুৎ সপ্তাহ আয়োজনে বিদ্যুৎ বিভাগকে বিভিন্ন ধরনের সহায়তা করতে হবে;	প্রধান প্রকৌশলী, উৎপাদন ও পূর্তকর্ম এবং সচিব ও পরিচালক সম্পত্তি ও যানঃ	মন্ত্রণালয়ের নির্ধারিত সময়ে
ড)	জাতীয় পর্যায়ে বঙ্গবন্ধু শেখ মুজিবের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষে যে ওয়েবসাইট তৈরি করা হবে তার সাথে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর লিংক স্থাপন করতে হবে;	পরিচালক, জনসংযোগ ও সিনিয়র সিষ্টেম এনালিস্ট	০৫ মার্চের পূর্বে
ঢ)	জাতীয় পর্যায়ে ভিডিও কনফারেন্সের মাধ্যমে সকল কর্মসূচী বাস্তবায়নে ও প্রচারণায় বিদ্যুৎ বিভাগের সাথে সমন্বয় সাধন করতে হবে	সকল দপ্তর প্রধান, বিউবো	সবসময়
ন)	বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের আওতাধীন বিদ্যুৎ কেন্দ্র/দপ্তরসমূহে অফিস ভবন ও অন্যান্য স্থাপনায় দৃশ্যমান অবকাঠামো সংস্কার, সৌন্দর্যবর্ধনকৃত রং করা প্রভৃতি কার্যক্রম সম্পাদন করা।	সকল দপ্তর প্রধান, বিউবো	১৫ মার্চের পূর্বে

৩। ২ নম্বর অনুচ্ছেদে বর্ণিত কর্মসূচী ও কর্মপরিকল্পনা অনুমোদন করা হল।

৪। অতঃপর, আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২৮/০২/২০

(মো: জহুরুল হক)
সদস্য, প্রশাসন (অতিরিক্ত সচিব)
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড

স্মারক নম্বর: ২৭.১১.০০০০.১০১.২৩.০০১.২০-১৫৫ তারিখ: ২৫ ফেব্রুয়ারি ২০২০

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। চেয়ারম্যান ও আহবায়ক, কেন্দ্রীয় সাংগঠনিক কমিটি, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (প্রশাসন), বিদ্যুৎ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সদস্য (অর্থ) ও যুগ্ম-আহবায়ক, উৎকর্ষতা এবং উদ্ভাবনী কর্মকান্ড সংক্রান্ত উপকমিটি, বাবিউবো, ঢাকা।
৫। প্রধান প্রকৌশলী, পূর্তকর্ম ও সদস্য, উৎকর্ষতা এবং উদ্ভাবনী কর্মকান্ড সংক্রান্ত উপকমিটি, বাবিউবো, ঢাকা।
৬। প্রধান প্রকৌশলী, উৎপাদন ও সদস্য, উৎকর্ষতা এবং উদ্ভাবনী কর্মকান্ড সংক্রান্ত উপকমিটি, বাবিউবো, ঢাকা।
৭। প্রধান প্রকৌশলী, বিতরণ কেন্দ্রীয় অঞ্চল ও সদস্য, উৎকর্ষতা এবং উদ্ভাবনী কর্মকান্ড সংক্রান্ত উপকমিটি, বাবিউবো, ময়মনসিংহ।
৮। প্রধান প্রকৌশলী, বিতরণ দক্ষিণাঞ্চল ও সদস্য, উৎকর্ষতা এবং উদ্ভাবনী কর্মকান্ড সংক্রান্ত উপকমিটি, বাবিউবো, চট্টগ্রাম।
৯। প্রধান প্রকৌশলী, বিতরণ সিলেট অঞ্চল ও সদস্য, উৎকর্ষতা এবং উদ্ভাবনী কর্মকান্ড সংক্রান্ত উপকমিটি, বাবিউবো, সিলেট।
১০। প্রধান প্রকৌশলী, বিতরণ কুমিল্লা অঞ্চল ও সদস্য, উৎকর্ষতা এবং উদ্ভাবনী কর্মকান্ড সংক্রান্ত উপকমিটি, বাবিউবো, কুমিল্লা।
১১। মহাব্যবস্থাপক/পরিচালক, প্রশিক্ষণ ও পেশা উন্নয়ন ও সদস্য, উৎকর্ষতা এবং উদ্ভাবনী কর্মকান্ড সংক্রান্ত উপকমিটি, বাবিউবো, ঢাকা।
১২। সচিব ও সদস্য সচিব, কেন্দ্রীয় সাংগঠনিক কমিটি ও উৎকর্ষতা এবং উদ্ভাবনী কর্মকান্ড সংক্রান্ত উপকমিটি, বাবিউবো, ঢাকা।
১৩। সিএসও টু চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা।
১৪। পরিচালক, জনসংযোগ পরিদপ্তর ও সদস্য, উৎকর্ষতা এবং উদ্ভাবনী কর্মকান্ড সংক্রান্ত উপকমিটি, বাবিউবো, ঢাকা।
১৫। সিনিয়র সিস্টেম এনালিস্ট, ঢাকা কম্পিউটার সেন্টার ও সদস্য, উৎকর্ষতা এবং উদ্ভাবনী কর্মকান্ড সংক্রান্ত উপকমিটি, বাবিউবো, ঢাকা (কার্যবিবরণীটি সংশ্লিষ্ট সকলকে ই-মেইলে প্রেরণ ও বাবিউবো'র ওয়েব সাইটে প্রকাশসহ)।
১৬। পরিচালক, কর্মচারী পরিদপ্তর ও সদস্য, উৎকর্ষতা এবং উদ্ভাবনী কর্মকান্ড সংক্রান্ত উপকমিটি, বাবিউবো, ঢাকা।
১৭। পরিচালক, সম্পত্তি ও যানবাহন পরিদপ্তর ও সদস্য, উৎকর্ষতা এবং উদ্ভাবনী কর্মকান্ড সংক্রান্ত উপকমিটি, বাবিউবো, ঢাকা।
১৮। পরিচালক, হিসাব পরিদপ্তর ও সদস্য, উৎকর্ষতা এবং উদ্ভাবনী কর্মকান্ড সংক্রান্ত উপকমিটি, বাবিউবো, ঢাকা।
১৯। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কঞ্জুমার অ্যাফেয়ার্স ও সদস্য, উৎকর্ষতা এবং উদ্ভাবনী কর্মকান্ড সংক্রান্ত উপকমিটি, বাবিউবো, ঢাকা।
২০। উপ-সচিব, প্রশাসন/অর্থ/উৎপাদন/বিতরণ/অর্থ/পিএন্ডডি/কোম্পানি এ্যাফেয়ার্স/আইন/বোর্ড, বিউবো, ঢাকা।
২১। উপ-পরিচালক, কোয়াক, বিউবো, ঢাকা।
২২। জনাব ডাঃ জান্নাতুন নুরে নাঈম, চিকিৎসা কর্মকর্তা ও সদস্য, উৎকর্ষতা এবং উদ্ভাবনী কর্মকান্ড সংক্রান্ত উপকমিটি, বাবিউবো, ঢাকা।
২৩। অফিস কপি।

25/2/2020

(মোঃ ইমরুল হোসেন)
সচিব (অতিরিক্ত দায়িত্ব)
বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা
☏: ০২-৯৫৫৪২০৯
Secretary@bpdb.gov.bd